

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নওগাঁ।
www.ecs.gov.bd

নং- ১৭.০৪.৬৪০০.০০০.৩২.০০১.২২-১৮০১

তারিখ : ৭ এপ্রিল ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ২৮/০৩/২০২২ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১.১৮১ নং পত্রের প্রেক্ষিতে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলায় ছবিসহ ভোটার তালিকা হালনাগাদকরণ কার্যক্রম-২০২২ সম্পাদনের লক্ষ্যে কর্মসূচী চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় জনবলের প্যানেল প্রস্তুত করার জন্য শর্তসাপেক্ষে জেলা নির্বাচন অফিসার, নওগাঁ বরাবর আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। নিয়োগকৃত পদের নাম ও শিক্ষাগত যোগ্যতা নিম্নে ছকে উল্লেখ করা হল।

ক্রঃ নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
১	টেকনিক্যাল এক্সপার্ট /সাপোর্ট	নূন্যতম এইচ,এস,সি/সমমান	ছবিসহ ভোটার তালিকার কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে	
২	টিম লিডার	নূন্যতম এইচ,এস,সি/সমমান		
৩	প্রফ রিডার	নূন্যতম এইচ,এস,সি/সমমান		
৪	ডাটা এন্ট্রি অপারেটর	নূন্যতম এইচ,এস,সি/সমমান		
৫	ডাটা এন্ট্রি হেল্পার	নূন্যতম এস,এস,সি/সমমান		

শর্তাবলী

- ১। ভোটার তালিকা হালনাগাদ মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে এবং কার্যক্রম শেষে তাদের নিয়োগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।
- ২। আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম, পিতা নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত দাখিল করতে হবে। খামের উপরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- ৩। আবেদনকারীকে নূন্যতম এইচ,এস,সি/এস,এস,সি (প্রযোজ্য ক্ষেত্রে) কিংবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত যোগ্যতা শিথিলযোগ্য।
- ৪। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার অনুলিপি ও সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং ২কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্র আগামী ২৬/৪/২০২২ তারিখ (মঙ্গলবার) অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে।
- ৭। যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।
- ৮। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। নিয়োগ কার্যক্রম বাতিল বা স্থগিত সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১১। পূর্বের ভোটার তালিকা প্রণয়ন ও হালনাগাদ কার্যক্রমে নিয়োজিত ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে।
- ১২। উত্তীর্ণ প্রার্থীদের তালিকা অত্র কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে।


০৭/০৪/২০২২


(মোঃ মাহমুদ হাসান)
জেলা নির্বাচন অফিসার
নওগাঁ
☎ ০৭৪১-৬২৫৪৭

তারিখ : ৭ এপ্রিল ২০২২

নং- ১৭.০৪.৬৪০০.০০০.৩২.০০১.২২-১৮০১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, আইডিইএ (প্রকল্প-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৬। পুলিশ সুপার, নওগাঁ।
- ৭। উপজেলা নির্বাচন অফিসার,(সকল), নওগাঁ (নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ প্রচারের অনুরোধ করা হল)।
- ৮। নোটিশ বোর্ড।


০৭/০৪/২২
জেলা নির্বাচন অফিসার
নওগাঁ
☎ ০৭৪১-৬২৫৪৭